বস্ত্রের বিপুল আয়োজন

**শিবদুর্গা বস্ত্রালয়**

রঘুনাথগঞ্জ তুলসীবিহার বাটীর
উত্তর দরজা

গ্রাহকগণের সুবিধার্থে মিল ও তাঁতের নানাবিধ ধুতি, শাড়ী, সার্টিং ও কোটিং আমদানী করা হয়েছে। আমাদের দোকানে আসিয়া সুলভে জিনিস ক্রয় করুন।

প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কালকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই চৈত্র বুধবার ১৩৬৮ ইংরাজী 21st Mar 1962 | ৪৩শ সংখ্যা



সকল ঘরের তরে...

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।




**খাস জনতা**

কেরোসিন কুকার

সুখে স্বাচ্ছন্দ্য ও বিপুলতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ. নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

**ওয়েষ্ট বেঙ্গল বুক-বাইণ্ডিং হল**

এখানে সকল প্রকার বই ও খাতা সুলভে বাঁধান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীজি, সি, ঘোষ, রঘুনাথগঞ্জ।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই চৈত্র বুধবার সন ১৩৬৮ সাল।

## নির্ব্বাচনের নেশা

—•—

দশ বৎসর পূর্ব্বে পরের ভোট নিয়ে নিজের মান মর্য্যাদা পাওয়া ছাড়াও বেশ কিছু উপার্জ্জন যাঁরা করেছিলেন, তাঁদের মধ্যে যে সব প্রার্থী ১৯৫৭ অব্দের নির্ব্বাচনে মার খেয়েছিলেন, গত পাঁচ বৎসর জীবন্তে মড়া হ'য়ে পরের ভোটাভুটির দিনের অপেক্ষায় ছিলেন। যাঁরা কোন বারই গদিতে বসিতে পারেন নাই, তাঁরা গদির মজা কিছু জানেন না, কাজেই "দুত্তোরি! ও কাজে মানুষ যায়! যার ছায়া ছোঁওয়া গেলে গঙ্গা স্নান করতে হয় তারও খোসামোদ করা আমার পোষাবে না!" এই বলে হতাশ শেয়ালের মত আঙ্গুরকে টক্ বলে ওদিকে মুখ করেন নি। আবার 'ঘৃণা লজ্জা ভয় তিন থাকতে নয়" প্রকৃতির "হাম্‌সে দিগর নাস্তি" দাম্ভিক ব্যক্তিও আছেন, যিনি নির্ব্বাচনে কখনও বিফল-মনোরথ হন নাই, অথচ নিজের অকার্য্য কুকার্য্য স্মরণ করিয়া প্রত্যেক নির্ব্বাচনে নিজের পরাজয় আশঙ্কা করিয়া অভিনব পন্থা অবলম্বন করেন, যে তাঁহার নিজের উপর নিজেরই বিশ্বাস নাই। এই প্রকৃতির লোকও খুঁজলে পাওয়া যাবে। প্রত্যেক অপরাধের সময় তর্ক করিয়া বলেন—বেশ আমাদের বাহাদুরী দেখবে ব্যালট বক্সে! এই প্রকৃতির নেতা যে কখনও ঠেকিয়া শেখেন না এমন নহে। বিপুল ভোটাধিক্যে নির্ব্বাচিত হইবেন—এই স্পর্দ্ধা করিয়াও মনে মনে ভাবিলেন—এবার বোধ হয় মুসলমানেরা আমায় ভোট দিবে না। মোস্লেম প্রীতি প্রচার করিতে সুরু করিলেন—আমাদের "সিকিউলার" ষ্টেট কোন ধর্ম্মের প্রতি আমাদের পক্ষপাতিত্ব নাই একজন ইহাকে বর্ণনা করিয়াছিলেন—ইনি সর্ব্ব ধর্ম্মাবলম্বী, এঁকে '**ইব্রাহিম**' ধর্ম্মাবলম্বী বলা চলে। ইশাহীর ই, ব্রাহ্ম ধর্ম্মের 'ব্রা', হিন্দুর "হি" মহম্মদীর "ম"। ৪ ধর্ম্ম মিলে "ইব্রাহিম" ধর্ম্ম বলা চলে। এই প্রচারের পর মুসলমানের মসজিদে মসজিদে ইস্লাম তোষণের বচন দিয়া শেষ অবধি ৫৪০ ভোটের ব্যবধানে ইজ্জৎ বজায় ছিল। এবারের নির্ব্বাচনে খেয়াল উঠলো আমি যে কেন্দ্রে প্রার্থী হই, যদি অকৃতকার্য্য হই, দুই স্থানে প্রতিযোগিতা করা ভাল, একটা ফস্‌কে গেলে আর একটা হতে পারে। লাগ ভেল্কী লাগ! দুই স্থানেই মার দিয়া। ভোটের আইনে ডুগী তবলা বাজান চলে না। পাখোয়াজ বাজাও খোল বাজাও। একটি ছেড়ে দিতে হবে। আবার এর জন্য উপনির্ব্বাচন হবে। দেখুন আবার কার নশীব খোলে। সদস্যদের মন্ত্রীদের সব শপথ হয়ে গেল, স্বপথ না শপথ ঠিক বোঝা যায় না। যে রাজ্যের ভাগ্য বিধাতা হলেন, সে রাজ্যকে অন্য রাজ্যে "মার্জ্জার" (বিলীন) করা চলে তখন 'শপথ" মানে যদি "প্রতিজ্ঞা" হয় তবে তার ইংরাজী OATH (ওত) কথাটা মানায় বেশ। ওত = আক্রমণের উদ্দেশ্যে অপেক্ষা করা। ওত পেতে থাক যা সুবিধা পাবে তা করবে। তা না হ'লে স্বাধীনতা কা'কে বলে।

---

## হিন্দুদের ভারতে আসিবার বাধা

আনন্দবাজার পত্রিকার নিজস্ব সংবাদদাতা জানাইতেছেন যে, পূর্ব পাকিস্তান হইতে যাহারা জলপাইগুড়িতে আসিয়া পৌছিয়াছেন, তাঁহারা বলেন যে, যাহাতে হিন্দুগণ সংঙ্গে ভারতে না আসিতে পারে, তাহার জন্য পাকিস্তান সরকার নানা প্রকার বাধার সৃষ্টি করিতেছেন। পাসপোর্ট ব্যবস্থা অনুযায়ী তাঁহারা যে পরিমাণ টাকা লইয়া আসিতে পারিবেন, তাহা যাহাতে ভারতে ব্যয় না করেন, সামরিক কর্তৃপক্ষ সেইরূপ নির্দ্দেশ দিয়াছেন। কোন হিন্দু বর্ত্তমান সময়ে ভারতে না আসেন, কর্তৃপক্ষ তাহাই চাহেন। পূর্বোক্ত সূত্র হইতে আরও জানা গিয়াছে যে পূর্ব পাকিস্তানের আর্থিক অবস্থা ভাল নয়। কোন কোন স্থানে ছাত্রগণ ভবিষ্যতে কি ব্যবস্থা অবলম্বন করিবেন, সম্বন্ধে চিন্তা করিতেছেন।

---

## নির্ব্বাচন ও দ্রব্যমূল্য

নির্ব্বাচন শেষ হইতে না হইতেই নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য আর এক দফা বৃদ্ধি পাইয়াছে। নির্ব্বাচনের সঙ্গে দ্রব্যমূল্যের কি যোগাযোগ তাহা বুঝা ভার ; তবু এই যোগাযোগই স্থাপিত হইয়াছে। জোগান ও চাহিদা ব্যতীত উৎপাদনের পরিমাণ, উৎপাদন ব্যয় এবং করভারের উপর নির্ভর করিয়াই সাধারণতঃ দ্রব্যমূল্য নির্ধারিত হয়। কিন্তু এ ক্ষেত্রে সাধারণ নিয়ম ভুল প্রমাণিত হইল। নচেৎ দুই সপ্তাহের মধ্যে চাউলের মূল্য মণ প্রতি ১৷৷০ হইতে ২৲ টাকা বৃদ্ধির কি কারণ থাকিতে পারে? ডাল, মসলা, সুজি, সব জিনিসেরই মূল্য উর্দ্ধমুখী। মাছ, মাংস, ডিম, আলু, শাক-সব্জির অবস্থা আরও মর্ম্মান্তিক। সাধারণ গৃহস্থ যাহাদের আয় একটি পয়সাও বৃদ্ধি পায় নাই তাহারা দ্রব্যমূল্য বৃদ্ধির চাপ সহ্য করিবে কিরূপে?

---

## ফরাক্কা বাঁধ

ফরাক্কা বাঁধ নির্ম্মাণের কাজ ত্বরান্বিত করার জন্য ফরাক্কা ব্যারেজ কন্ট্রোল বোর্ডের পক্ষ হইতে চীফ ইঞ্জিনিয়ার ও অন্যান্য অফিসারদের কয়েকটি বিশেষ ক্ষমতা দেওয়া হইয়াছে বলিয়া জানা গিয়াছে। সম্প্রতি দিল্লীতে অনুষ্ঠিত ব্যারেজ কন্ট্রোল বোর্ডের সভায় ফরাক্কা বাঁধের নির্ম্মাণের কাজ ত্বরান্বিত করাকে বিশেষ অগ্রাধিকার দিবার সিদ্ধান্ত গৃহীত হয়। এই সভায় কেন্দ্রীয় উপমন্ত্রী শ্রীজয়সুখ লাল হাতী সভাপতিত্ব করেন। পশ্চিম বঙ্গ সরকারের পক্ষ হইতে সেচমন্ত্রী শ্রীঅজয় মুখোপাধ্যায় প্রতিনিধিত্ব করেন। এই প্রতিনিধি দলে রাজ্য সরকারের সেচদপ্তরের সেক্রেটারী শ্রী এ, ভি, খান ছিলেন। পোর্ট কমিশনারের চেয়ারম্যান শ্রীকুমার মিত্রও উপস্থিত ছিলেন। মূল ব্যারেজের নির্ম্মাণের দ্রব্যাদি আনা, শাখা খাল খননের কাজ সুরু করা, কর্ম্মচারীদের জন্য গৃহ নির্ম্মাণ করা এবং জমি সংগ্রহের কাজের প্রতি বিশেষ নজর দিবার জন্য বোর্ড সংশ্লিষ্ট অফিসারদের নির্দ্দেশ দিয়াছেন। তাহা ছাড়া ইঞ্জিনিয়ারও অন্যান্য শ্রেণীর কর্ম্মচারীর সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা করা হইবে বলিয়া জানা গিয়াছে।

---

## ইণ্টার ন্যাশনাল সার্কাস

বাঙ্গালীর সুপ্রসিদ্ধ প্রতিষ্ঠান "ইণ্টার ন্যাশনাল সার্কাস" গত ১৮ই মার্চ্চ রবিবার হইতে রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি-পার্কের দক্ষিণে খেলার মাঠে নানাবিধ চমকপ্রদ চিত্তাকর্ষক খেলা দেখাইতেছে। উদ্বোধন উপলক্ষে স্থানীয় সরকারী ও বেসরকারী বহু ভদ্রলোক ও ভদ্র মহিলা নিমন্ত্রিত হইয়াছিলেন। সকলেই খেলা দেখিয়া মুগ্ধ হইয়াছেন। ছোট ছোট ছেলেমেয়েদের নানাপ্রকার ব্যায়াম কৌশল দেখিবার মত। হাতী, ঘোড়া, বাঘ, সিংহ, ছাগল, উট প্রভৃতি বহু জানোয়ারদের খেলা দেখান হয়। মোটর সাইকেলের খেলা ও মোটর জাম্প দেখিয়া দর্শকগণ চমৎকৃত হইয়াছেন। বিশ্বশ্রী মনোহর আইচের ব্যায়াম ও ভারোত্তলন দেখার মত। সহর ও পল্লীগ্রামের অসংখ্য স্ত্রীপুরুষ বালকবালিকা প্রত্যহ খেলা দেখিতে আসিতেছে।

## এপ্রিল হইতে মেট্রিক ওজন

আগামী ১লা এপ্রিল হইতে পশ্চিম বঙ্গের সমস্ত জেলায় মেট্রিক ওজন প্রচলিত হইবে। এখন হইতেই ছোট বড় ব্যবসায়ীরা বাটখারা ও কাঁটা ক্রয় করিতে আরম্ভ করিয়াছেন। তরিতরকারী ও মাছের বাজারের অশিক্ষিত বিক্রেতাগণের পক্ষে নূতন বাটখারায় দ্রব্যমূল্য স্থির করা মুস্কিল হইবে। আইনের ধারায় সকলকে ঠেকিয়া শিখিতে হইবে। ইহা ভিন্ন গত্যন্তর নাই।

## আম ও লিচুর ক্ষতি

এতদঞ্চলে অনেকদিন বৃষ্টি না হওয়ায় প্রখর রৌদ্র তাপে আম ও লিচুর গুটি ঝরিয়া পড়ায় বিশেষ ক্ষতি হইতেছে। বাগানের ক্রেতাগণ লোকসানের আশঙ্কা করিতেছেন।

## মাছি মশার উপদ্রব

শীত কমিয়া যাওয়ার সঙ্গে সঙ্গে মাছি ও মশার উপদ্রব বৃদ্ধি পাইয়াছে। দিনে মাছি ও সন্ধ্যার সময় হইতেই মশার কামড়ে জনগণ অস্থির হইয়া পড়িতেছেন। অন্যান্য বৎসর অপেক্ষা এবারে মশার উপদ্রব বৃদ্ধি পাইয়াছে বলিয়া মনে হইতেছে।

## এল এম এফ ডাক্তারদের জন্য সংক্ষিপ্ত কোর্স

এল এম এফ ডাক্তারগণ এম বি বি এস পরীক্ষা যাহাতে সংক্ষিপ্ত (কণ্ডেন্সড্) কোর্সে দিতে পারেন সেনেটের সভায় সে ব্যবস্থার পুনঃ প্রবর্তন করা হয়। তবে পরীক্ষার্থীদিগকে যোগ্যতার পূর্বশর্ত হিসাবে হয় ফিজিক্স, কেমিষ্ট্রী এবং বায়োলজি লইয়া ইণ্টারমিডিয়েট পরীক্ষায় উত্তীর্ণ হইতে নতুবা প্রি-মেডিক্যাল কোর্স পরীক্ষায় পাশ করিতে হইবে। এবং তাহার পর কোন অনুমোদিত কলেজে এক বৎসর ফার্ষ্ট এম বি বি এস এবং দুই বৎসর ফাইন্যাল এম বি বি এস নিয়মিত পড়িয়া পরীক্ষা দিতে হইবে। উক্ত মর্মে এক প্রস্তাব এইদিন সেনেটে গৃহীত হয়।

## নির্ব্বাচনে নোংরামি

গত নির্ব্বাচনে বিরোধীদলগুলির মধ্যে অনেকেই অশালীনভাবে প্রচার কার্য্য চালাইয়াছিলেন, শ্রীনেহরু তাঁহার ভাষণে ইহা উল্লেখ করিয়াছেন। শিক্ষিত লোকেরাও যে কত নোংরা ব্যাপারে নামিতে পারেন, নির্ব্বাচন তাহা ধরাইয়া দিয়াছে। খুবই লজ্জার কথা।

## রঘুনাথগঞ্জ-প্রতাপপুর-সোনাটিকুরী কো-অপারেটিভ মালটি পারপাস সোসাইটি লিমিটেড-এর সপ্তম বার্ষিক সাধারণ সভার (সন ১৩৬৭-৬৮, ইং ১৯৬০-৬১)

### নোটীশ

এতদ্দ্বারা উক্ত সমিতির সাধারণ অংশীদারগণকে (সভ্যদের) জানান যাইতেছে যে, উক্ত রঘুনাথগঞ্জ-প্রতাপপুর-সোনাটিকুরী কো-অপারেটিভ মালটি পারপাস সোসাইটি লিমিটেড-এর সাধারণ অংশীদার (সভ্যদের) সপ্তম বার্ষিক সাধারণ সভা ইং ২৯শে মার্চ্চ ১৯৬২, বাংলা ১৫ই চৈত্র ১৩৬৮ সাল, বৃহস্পতিবার বৈকাল ৩ ঘটিকায় রঘুনাথগঞ্জ কলোনী উদ্বাস্তু ফ্রি প্রাইমারী স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হইবে। সভ্যগণের উপস্থিতি একান্ত প্রার্থনীয়।

তাং ১৫ই মার্চ্চ ১৯৬২

শ্রীনিমাইচন্দ্র বড়াল, সম্পাদক

## দণ্ডকারণ্যে পুনর্ব্বাসন

ক্রমশঃ অধিকসংখ্যক উদ্বাস্তু দণ্ডকারণ্য যাত্রা করিতেছে। গত নবেম্বর হইতে তিন মাসের মধ্যে ২৫৫৭ জন দণ্ডকারণ্যে গিয়াছে। ইতিপূর্ব্বে ৩২৪০টি পরিবার গ্রামাঞ্চলে গিয়াছে। ২১৮০টি পরিবার চাষের জমি ও ২০১১টি পরিবার চাষের বলদ পাইয়াছে। উমরকোট ও পালকোট দুই এলেকায় ৩২টি গ্রাম পত্তন হইয়াছে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই এপ্রিল ১৯৬২

১৯৬১ সালের ডিক্রীজারী

৬ খাং ডিঃ ভবতারিণী দেবা দেং পদ্মকামিনী দেবা দাবি ১৭৬৬ টাকা ৭৩ নং পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১৮½ শতক জমি আঃ ১০০০৲ খং ২২২২

৯১ মনি ডিঃ কুশিয়াতুন বিবি দেং খুরসেদ সেখ দাবি ১৯৭ টাকা ৩৩ নং পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে লাইত বৈদড়া ৩ শতক বাড়ী তদুপরিস্থিত টালের ঘর আঃ ২০০৲ খং ১৭০ ২নং লাট থানা ঐ মৌজে মণ্ডলপুর ৩½ শতক জমি আঃ ৩০০৲ খং ৪০৩ ৩নং লাট মৌজাদি ঐ ১৫ শতক জমি রায়ত স্থিতিবান আঃ ৩০০৲ খং ৮৩১ ৪নং লাট মৌজাদি ঐ ২৬ শতক জমি রায়ত স্থিতিবান আঃ ৬০০৲ খং ৮২৯

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৬ই এপ্রিল ১৯৬২

১৯৬০ সালের ডিক্রীজারী

২৯ মনি ডিঃ মেসার্স সুরজনাথ প্রসাদ কেদারনাথ দেং সুধাংশু মণ্ডল নাবালক পক্ষে অলিমাতা ও স্বয়ং তারণ বেওয়া দাবি ১৮৯৬ টাকা ৫৩ নং পঃ থানা সাগরদীঘি মৌজে ইটোর মধ্যে ৪-৮৬ শতক জমি আঃ ৩০০০৲ খং ২৪৪



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী
মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**
**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।
এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)
(ছাত্রবন্ধু পুস্তকালয়ের সম্মুখে)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
| --- | --- |
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১'১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গাডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।